স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ
বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫০শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৯ই বৈশাখ বুধবার, ১৩৭১ ইংরাজী 22nd April, 1964 { ৪৫ সংখ্যা




**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলো, ধোঁয়া বা কঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**

কেরোসিন কুকার

স্থায়িত্বে আস্থাসম্পন্ন ও নিপুণতা আনবে।

প্রস্তুতকারক:
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA O. M.

**অমিয় মেডিক্যাল কোম্পানী, অরঙ্গাবাদ**

সুবিধা দরে ঔষধ পাইবার একমাত্র প্রতিষ্ঠান। বিঃ দ্রঃ—জঙ্গিপুর মহকুমার খ্যাতনামা চিকিৎসক ডাঃ শ্রীগৌরীপতি চট্টোপাধ্যায়, এম-বি-বি-এস, ডি-টি-এম (কলিঃ), ডি-জি-ও (ডবলিন), ডি-ও (লণ্ডন) প্রতি বুধবার আমাদের ফার্ম্মেসীতে আসিয়া রোগী দেখিয়া থাকেন। জিয়াগঞ্জ মহিলা হাসপাতালের যাবতীয় ঔষধ পাইবেন।

বিনীত—অমিয়কুমার দাস।

**সবচেয়ে সুবিধায় বই কিনতে হ'লে জনপ্রিয় প্রতিষ্ঠান ষ্টুডেণ্টস্-ফেভারিট-এ আসুন।**

আমাদের বিশেষত্ব :— রঘুনাথগঞ্জ ( বাস ষ্ট্যাণ্ড )

* এক সঙ্গে সেট বই সরবরাহ করা
* শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নানাবিধ সুবিধা দেওয়া
* ছাত্র-ছাত্রীদের উপযুক্ত পাঠ্য ও অর্থপুস্তক নির্ব্বাচনে সহায়তা করা
* আমাদের সততায় সকলের সহানুভূতি লাভ করা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৯ই বৈশাখ বুধবার সন ১৩৭১ সাল।

# কাজ

—•—

আমাদের দেশ সূর্য্যের তাপ পায় কিছু বেশী। সব জিনিসেরই মত এরও ভালোর দিক আছে মন্দের দিকও আছে। বেশী গরমের ফলে পেশী-গুলো সহজেই ক্লান্ত হয়ে পড়ে। ঠাণ্ডা দেশের লোকের মত খাটবার শক্তি থাকে না। আবার সূর্য্যদেবেরই অকৃপণ দানে বৃষ্টিপাতও আমরা অন্য অনেক দেশের চাইতে ভাল পাই। সহজে ফলে ফসল। পরের দান পেয়ে পেয়ে যদি দিন চলে যায় তবে আর মাথার ঘাম পায়ে ফেলবার দরকার কি? প্রকৃতি মায়ের কাছ থেকে এই উপরি পাওনা পেয়ে কাজের প্রতি যদি আমাদের গরজ কিছু কম থাকে তবে খুব দোষ দেওয়া যায় না।

ভারতেরই তপোবনে সভ্যতার প্রথম অরুণোদয়। জ্ঞান, ধর্ম্ম কত কাব্যকাহিনীর বিকাশ অন্য সব দেশের আগে আমাদের দেশেই হয়। এ দেশের আকাশে ঢেউ তোলে সেই মহান ঐতিহ্যের শান্তিসমীর। এই পরিপ্রেক্ষিতে জ্ঞান আর কর্মের ভেতর কোন্‌টার অনুসরণ করবো—এ নিয়ে যদি মান্ধাতারও অনেক পূর্ব্বে থেকে আমাদের দেশের লোকের মনে একটা সংশয় জেগে থাকে, তবে তাতে আশ্চর্য্য কি? এ ছাড়া প্রত্যেক মানুষেরই সমাজের প্রতি, রাষ্ট্রের প্রতি রয়েছে পবিত্র কর্ত্তব্য। সমাজের ভেতর থেকেই মানুষের জ্ঞান, কর্ম্ম, ভক্তির স্ফূর্ত্তি। সমাজের বাইরে তার অস্তিত্ব অশরীরি আত্মার মতোই, 'আকাশস্থো নিরালম্বো বায়ুভূতো নিরাশ্রয়।' কাজের পথ ছেড়ে দিলে গোটা সমাজটাই হয়ে পড়বে পক্ষাঘাতগ্রস্ত। জাতির পক্ষে সেদিন 'দারুণ দুর্দ্দিন।'

কাজের নৈতিক দিকটাকেও উপেক্ষা করা যায় না। প্রাণীর প্রাণ হচ্ছে অন্ন। সেই অন্ন পাওয়া যায় বৃষ্টি থেকে। এই বৃষ্টি আবার দেবতার অনুগ্রহে—এর জন্য উচিত তাঁর প্রীতিবিধান করা। তার জন্যও শরণ নিতে হয় কাজের। এই কর্ম্ম-চক্রকে অস্বীকার করবার যো নেই কারও। একে না মানলেই হয় পাপ, প্রকাশ পায় আমাদের অকৃতজ্ঞতার। রাস্তার সাধারণ, দীনতম শ্রমিক থেকে আরম্ভ করে শান্ত, দান্ত, মুক্ত, শুদ্ধ, বুদ্ধ-স্বভাবের মহাজ্ঞানীকেও আহুতি যোগাতে হবে এই কর্ম্মযজ্ঞে। কর্ম্মী কাজ করে যাবেন সমাজের মঙ্গলের জন্য, জ্ঞানী কাজ করে যাবেন লোকশিক্ষার জন্য। তবে ফলের আকাঙ্ক্ষা ত্যাগ করে, কাজকেই শ্রীভগবানের পূজা বলে মনে করে, 'বহুজনহিতায় চ, বহুজনসুখায় চ, এই বুদ্ধিতে উদ্বুদ্ধ হয়ে কাজ করে যেতে হবে।

---

## মুর্শিদাবাদ সুইমিং এসোসিয়েশন

মুর্শিদাবাদ সুইমিং এসোসিয়েশনের সভ্য শ্রেণী-ভুক্ত হওয়ার শেষ তারিখ আগামী ৩১-৫-৬৪ যাঁহারা সভ্য হইতে ইচ্ছুক তাঁহারা যুগ্ম সম্পাদকের সহিত যোগাযোগ করুন। বাৎসরিক চাঁদা মাত্র দুই টাকা। মুর্শিদাবাদ সুইমিং এসোসিয়েশন পরি-চালিত ২১তম গঙ্গাসন্তরণ প্রতিযোগিতা (৪৫ মাঃ ও ১৩ মাইল) আগামী আগষ্ট মাসে অনুষ্ঠিত হইবে। তৎসহ ঐ মাসেই স্থির জলে অর্থাৎ পুকুরে আর একটি সন্তরণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা আছে। জেলার প্রতিটি জন-সাধারণের নিকট সাহায্য ও সহানুভূতি প্রার্থনা করিতেছি।

শ্রীসুধীর সান্যাল, শ্রীকার্ত্তিকচন্দ্র সাহা, যুগ্ম-সম্পাদক

---

## পার্থ মেলায় ভারতীয় শিবিরের প্রথম পুরস্কার লাভ

সম্প্রতি অষ্ট্রেলিয়ার পার্থ নামক স্থানে যে শিল্পমেলা অনুষ্ঠিত হইয়াছিল তাহাতে ভারতীয় শিবিরটি প্রথম পুরস্কার লাভ করিয়াছে। ৭৫ হাজারের বেশী লোক এই সুরুচি সম্মতভাবে সজ্জিত ভারতীয় শিবিরটি দর্শন করে।

---

## প্রাপ্ত পত্র

'জঙ্গিপুর সংবাদ' সম্পাদক মহাশয় সমীপেষু—

মহাশয়,

নিম্নলিখিত অংশটি আপনার বিখ্যাত পত্রিকায় পরবর্ত্তী সংস্করণে মুদ্রিত করিলে অত্যন্ত বাধিত এবং কৃতজ্ঞ থাকিব। ধন্যবাদ ও নমস্কারান্তে

ভবদীয়—

শ্রীজগদ্বন্ধু বিশ্বাস, হেড মাষ্টার

রঘুনাথগঞ্জ এইচ, এস্. মালটিপারপাস স্কুল।

"২৫শে চৈত্র বুধবার 'জঙ্গিপুর সংবাদে' প্রকাশিত সংবাদের উত্তরে জানাই যে যথাসম্ভব চেষ্টা সত্ত্বেও উপযুক্ত সংখ্যক লেখা না পাওয়ার জন্য যথাসময়ে স্কুল-ম্যাগাজিন প্রকাশ করা সম্ভবপর হয় নাই। বর্ত্তমানে স্কুল-ম্যাগাজিন যন্ত্রস্থ এবং শীঘ্রই প্রকাশিত হইবে। এই অনভিপ্রেত বিলম্বের জন্য অত্যন্ত দুঃখিত।"

---

## সংক্রামক ব্যাধি নিবারণ

ভারতে সংক্রামক ব্যাধি নিবারণ ও নিয়ন্ত্রণের কাজ অব্যাহতভাবে চলিয়াছে। দেশে ৭০টি ম্যালেরিয়া ইউনিট রহিয়াছে। ১৯৬৪ সালের মধ্যে ম্যালেরিয়া নিবারণের কাজ শেষ হইতে পারে। সকল রাজ্যে বসন্ত নিবারণের কাজ আরম্ভ হইয়াছে। এ পর্য্যন্ত শতকরা ৪০ জন লোককে টিকা দেওয়া হইয়াছে।

---

## মিউনিখে ভারতীয় নৃত্যকলা

পশ্চিম জার্ম্মানীতে বিশেষতঃ ব্যাভেরিয়ার জনসাধারণের কাছে ভারতীয় নৃত্যের সমাদর চিরকাল। তাই ইণ্ডোজার্ম্মান সোসাইটির আমন্ত্রণে বোম্বাই থেকে আগত জাভেরী সম্প্রদায়ের নৃত্যের আসরে দর্শক সমাগমের অভাব হয়নি। এই সম্প্রদায় ব্যাভেরিয়ার রাজধানী মিউনিখে মনিপুরী নৃত্য পরিবেশন করেন এবং সবকটি নৃত্যই দর্শক-বৃন্দের উচ্ছ্বসিত প্রশংসা লাভ করে।

---

## এন. ডি. এস. শিক্ষকের প্রতি বিরূপ কেন ?

কিছুদিন হইতে কেন্দ্রীয় সরকার উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে একজন করিয়া এন-ডি-এস শিক্ষক দিয়াছেন। রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়েও একজন এন-ডি-এস শিক্ষক আছেন। উহার সমস্ত ব্যয়ভার কেন্দ্রীয় সরকার বহন করেন। শুনা যাইতেছে রঘুনাথগঞ্জ স্কুলে উক্ত শিক্ষকের আবশ্যক নাই বলিয়া প্রধান শিক্ষক মহাশয় বিভাগীয় কর্ত্তৃপক্ষকে এক পত্র (ডি-ও) লিখিয়াছেন। স্কুলের খরচে পত্রখানি পাঠান হইয়াছে কিন্তু পত্রের কোন নকল নাই।

প্রধান শিক্ষক মহাশয় বিদ্যালয়ের কার্য্যনির্ব্বাহক সমিতির মাননীয় সদস্যগণের, সভাপতি মহাশয় বা সম্পাদক মহাশয়ের সহিত কোন আলোচনা না করিয়া সরাসরি বিভাগীয় কর্ত্তৃপক্ষকে পত্র লিখিতে পারেন কি না ?

কিছুদিন পূর্ব্বে অনুষ্ঠিত "ফিজিক্যাল ড্রাইভ টেষ্ট" প্রতিযোগিতায় উক্ত শিক্ষক মহাশয় প্রধান শিক্ষক মহাশয়ের নির্দ্দেশক্রমে কার্য্য করিতে অসমর্থ হওয়ায় তাঁহার বিরাগভাজন হইয়াছেন।

উক্ত শিক্ষকের প্রতি প্রধান শিক্ষক মহাশয়ের অসন্তুষ্টির কারণ অনুসন্ধান করার জন্য স্কুলের কার্য্য-নির্ব্বাহক সমিতির সদস্যগণকে অনুরোধ করিতেছি।

---

## সমাজবিরোধী ব্যক্তিদিগকে সতর্কীকরণ

দেশে সাম্প্রদায়িক শান্তি ও সম্প্রীতি বিনাশকারী সমাজবিরোধী ব্যক্তিদিগকে স্বরাষ্ট্রমন্ত্রী শ্রীগুলজারিলাল নন্দ সাবধান করিয়া দিয়াছেন। সম্প্রতি তিনি জামশেদপুরে এক সভায় বলিয়াছেন যে, সাম্প্রদায়িক হাঙ্গামার আভাষ পাওয়া মাত্র রাজ্য সরকার ও স্থানীয় কর্ত্তৃপক্ষ যাহাতে কঠোর ব্যবস্থা অবলম্বন করেন সেজন্য তাঁহাদিগকে তিনি নির্দেশ দিয়াছেন। যাহারা উচ্ছৃঙ্খল আচরণ প্রদর্শন করিবে তাহাদিগকে ক্ষমা করা হইবে না। হিন্দু ও মুসলমান উভয়েরই উচিত নিজেদের স্বার্থে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখা।

---

## আবেদন

বঙ্গবাণীর একনিষ্ঠ সাধক, মনীষী আচার্য্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ের জন্ম শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে গঠিত কার্য্য নির্বাহক সমিতি সপ্তাহব্যাপী উৎসব অনুষ্ঠানের এক পরিকল্পনা গ্রহণ করিয়াছেন এবং সেই সঙ্গে এক স্মারক গ্রন্থ প্রকাশের ব্যবস্থা করিয়াছেন। এই ব্যয় নির্বাহের জন্য অন্যূন দুই হাজার টাকা আবশ্যক বলিয়া সমিতি স্থির করিয়াছেন। এই বিরাট পরিকল্পনার সার্থক রূপায়নের জন্য প্রতিটি শিক্ষিত মানুষের সক্রিয় সহযোগিতা এবং সদয় অর্থানুকূল্য একান্ত আবশ্যক, এ কথাও সমিতি দৃঢ়তার সঙ্গে স্বীকার করিয়াছেন। আমাদের একান্ত বিশ্বাস এই কর্ম্মোদ্যমে বাংলার শিক্ষিত সমাজ এক উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করিবেন।

নিবেদক—

শ্রীমৃণালকান্তি রায়, মহকুমা শাসক, কান্দী, ও সভাপতি রামেন্দ্রসুন্দর জন্ম শত বার্ষিকী সমিতি, জেমো।

শ্রীশৈলেন্দুনারায়ণ রায়, সাধারণ সম্পাদক, রামেন্দ্রসুন্দর জন্ম শত বার্ষিকী সমিতি, জেমো।

---

## হামবুর্গে ভারত

হামবুর্গে ভারত নামে ভারতীয় হস্তশিল্পের প্রদর্শনী এক কথায় জার্মানদের মুগ্ধ করেছে। তারা অবাক বিস্ময়ে দেখেছে চিরাচরিত ও আধুনিক নক্সায় হাতে বোনা কার্পেট, পর্দ্দার কাপড়, অপূর্ব ব্রোকেড, চমৎকার রেশম ও সূতী কাপড়ের কাজ আর সোনালী জরির ফুলতোলা শাল। লণ্ডন মুাজিয়মে রক্ষিত কার্পেটের হুবহু অনুকরণে তৈরী একটি কার্পেট তাদের সবচেয়ে আশ্চর্য করেছে, এই কার্পেটটি বুনতে মোট সময় লেগেছে আঠারো মাস। প্রদর্শনীর অন্যান্য দ্রষ্টব্য যেমন কাঠের খেলনা, প্রতিকৃতি, হাতীর দাঁতের কারুকার্য, রূপোর তারের সূক্ষ্ম অলঙ্কার, ধাতব বাসনপত্র, ব্রঞ্জ ও কাঠ খোদাই বুদ্ধমূর্ত্তি, তাদের এতো ভালো লাগে যে সব কিছুই বিক্রি হয়ে যায়। প্রদর্শনীটি বন্ধ হয়ে যাবার পর হামবুর্গে ভারতীয় হস্তশিল্পের একটি স্থায়ী বিক্রয়কেন্দ্র স্থাপিত হবে।

---

## নিখিল বঙ্গ শিক্ষক সম্মেলন

গত ১৩ই এপ্রিল সকাল আট ঘটিকার সময় খাগড়ায় গুরুদাস-তারাসুন্দরী ইনষ্টিটিউশনে নিখিল বঙ্গ শিক্ষক সমিতির উনচত্বারিংত্তম বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সুখ্যাত সাহিত্যিক ও সাংবাদিক শ্রীনন্দগোপাল সেনগুপ্ত প্রকাশ্য সম্মেলনে সভাপতির আসন গ্রহণ করেন। অভ্যর্থনা সমিতির সভানেত্রী বহরমপুর বালিকা মহাবিদ্যালয়ের অধ্যক্ষা শ্রীপ্রীতি গুপ্তা তাঁহার ভাষণে বর্ত্তমান শিক্ষা পদ্ধতির সমালোচনা করিয়া বলেন এই পরিস্থিতিতে বর্ত্তমান শিক্ষাপদ্ধতি, শিক্ষক ও শিক্ষার্থী তিনটি স্তরেই সংস্কার সাধন প্রয়োজন। সম্মেলন আরম্ভের পূর্ব্বে সভাপতি শহীদদের উদ্দেশ্যে মাল্যদান করেন, সমবেত অতিথিবর্গ দুই মিনিটকাল নীরবে দণ্ডায়মান হইয়া শহীদদের উদ্দেশ্যে শ্রদ্ধা নিবেদন করেন।

গত ১৩ই ও ১৪ই এপ্রিল এই উভয় দিবসেই প্রকাশ্য ও প্রতিনিধি সম্মেলনে শিক্ষাব্যবস্থা, শিক্ষক ও করণিক-বেতন, শিক্ষকগণের দাবী সম্পর্কে গুরুত্বপূর্ণ প্রস্তাব গৃহীত হয়। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা হইতে প্রায় এক হাজার শিক্ষক শিক্ষিকা এই সম্মেলনে যোগদান করেন।

---

গ্রাম ও অঞ্চল পঞ্চায়তের
সর্ব্বপ্রকার ফরম ও রেজিষ্টারের
উপর প্রতি টাকায় ৩৫ নয়া পয়সা হারে
কমিশনের সুযোগ গ্রহণ করুন।
বান্ধব প্রেস—খাগড়া
ফোন—বহরমপুর-২৭

পাকা বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জ ফাঁসীতলায় বাজারের নিকট সদর রাস্তার পার্শ্বে দোতালা বাড়ী বিক্রয় হইবে। অনুসন্ধান করুন। ম্যানেজার—
৺ধীরেন্দ্রনাথ রায়ের এষ্টেট
কাঞ্চনতলা, পোঃ ধুলিয়ান, জেলা মুর্শিদাবাদ।





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং ***বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি*** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

★আই, সি, আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।





বিক্রেতা:—

## কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর

খাগড়া মুর্শিদাবাদ

---

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত. পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।